গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
যশোর সদর, যশোর।
www.dgfood.gov.bd

# উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভপতি ঃ মোঃ শাহরিয়ার হক
উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
তারিখ ঃ ০৩/০৫/২০২৬ খ্রি.

সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ঠ "ক"-তে সন্নিবেশিত হলো।

উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য-সচিব আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। অতঃপর অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, ঢাকার ২৭/০৪/২০২৬ খ্রি.তারিখের ৩৫ নং স্মারকে ২০২৬/ মৌসুমে বোরো ধান,০৩/০৫/২০২৬খ্রি. তারিখের ৩৭ নং স্মারকে সিদ্ধ চাল এবং ০৩/০৫/২০২৬খ্রি. তারিখের ৩৮ নং স্মারকে আতপ চাল ও ৩০/০৪/২০২৬খ্রি. তারিখের ৩৬ নং স্মারকে গম সংগ্রহ সম্বলিত স্মারকপত্র সভায় পাঠ করে শোনান এবং এ উপজেলায় নিম্নোক্ত ছকে বর্ণিত পরিমাণ খাদ্যশস্যের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে।

| ক্রমিক নং | পণ্য | দর মেটন | লক্ষ্যমাত্রা মেটন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ধান | ৩৬,০০০/ | ২,৮৬৫ | |
| ২ | সিদ্ধ চাল | ৪৯,০০০/ | ৯,৪৬৬ | |
| .৩ | আতপ চাল | ৪৮,০০০/ | ৯২৩ | |
| ৪ | গম | ৩৬,০০০/ | ৬৭ | |

তিনি সভাকে অবহিত করেন যে, যশোর সদর উপজেলায় ০২টি এলএসডি থাকায় আনুপাতিক হারে রুপদিয়া এলএসডি এবং সদর এলএসডিতে ধান সংগ্রহ করতে হবে। রুপদিয়া এলএসডিতে ধান ৭১৭.০০০ মেটন এবং সদর এলএসডিতে ধান ২১৪৮মেটন। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩৬/-টাকা। বোরো ধান সংগ্রহের সময়সীমা ০৩/০৫/২০২৬ খ্রি.তারিখ হতে শুরু হয়ে আগামী ৩১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। সিদ্ধ ও আতপ চালের সংগ্রহ মূল্য যথাক্রমে ৪৯/-ও ৪৮/- এবং চাল সংগ্রহ ১৫/০৫/২০২৬খ্রি. তারিখ হতে শুরু হয়ে আগামী ৩১/০৮/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত চলবে। প্রতি কেজি গমের সংগ্রহ মূল্য ৩৬/ এবং সংগ্রহ কার্যক্রম ০৩/০৫/২০২৬খ্রি. তারিখ হতে ৩১/০৮/০৮/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। এ উপজেলায় প্রাপ্ত সিদ্ধ ও আতপ চালের বরাদ্দ জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির বিভাজন মোতাবেক বৈধ চালকল মালিকগণ আগামী ১৫/০৫/২০২৬ খ্রি. তারিখ হতে ২৫/০৫/২০২৬খ্রি. তারিখের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের সহিত চুক্তি সম্পাদন করবেন এবং বিনির্দেশ মোতাবেক চাল এলএসডিতে সরবরাহ করবেন। সংগ্রহ নীতিমালা -২০১৭এর পরিশিষ্ট "ক" বিনির্দেশ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ করতে হবে। খাদ্য মন্ত্রণালয়ের ১২/০৩/২০২৬খ্রি. তারিখের ১৮ নং স্মারকের নির্দেশনার আলোকে উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত তালিকা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করবেন এবং সে মোতাবেক প্রকৃত কৃষকের নিকট হতে ধান সংগ্রহ করার নির্দেশনার প্রেক্ষিতে এ উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত কৃষকের তালিকা হতে "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে। পাশাপাশি গম সংগ্রহের নিমিত্তে প্রকৃত গম আবাদকারী কৃষকের তালিকাও উপজেলা কৃষি অফিসার সরবরাহ করবেন। তিনি আরো জানান যে, অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণপূর্বক সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে। সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের সম্মতিক্রমে খাদ্য গুদামে ধান ও গম সংগ্রহ কার্যক্রম উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত তালিকার পাশাপাশি "কৃষকের অ্যাপ" এ নিবন্ধনকৃত তালিকা মোতাবেক ধান সংগ্রহ সম্পন্ন করতে এবং কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত গম আবাদকারী কৃষকের তালিকা হতে গম সংগ্রহ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

চলমান পাতা

সভাপতি বলেন যে, যেহেতু ধান/চাল/গম সংগ্রহ করা সরকারের একটা মহৎ উদ্যোগ ও বর্তমানে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু সেহেতু প্রকৃত কৃষকদের নিকট হতে ধান/গম ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তিনি আরো বলেন যে, ২০২৬ মৌসুমে বোরো সংগ্রহ কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ,গতিশীলতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে এবং সরকারী নীতিমালা ও নির্দেশাবলি কঠোরভাবে পরিপালন পূর্বক বোরো ধান ,চাল ও গম সংগ্রহ করতে হবে এবং কোন অবস্থাই নিম্নমানের ধান/চাল/গম ক্রয় করা যাবে না। উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত তালিকা মোতাবেক ধান/গম সংগ্রহ করতে হবে। কোন অনিয়ম করা যাবে না।

অতঃপর অভ্যন্তরীণ বোরো সংগ্রহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

০১। উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত কৃষকের তালিকা ও “কৃষকের অ্যাপ” এ নিবন্ধনকৃত তালিকা মোতাবেক “আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন” ভিত্তিতে ধান এবং কৃষি অফিসার কর্তৃক প্রস্তুতকৃত গম আবাদকারী কৃষকের তালিকা হতে গম সংগ্রহ করতে হবে।

০২। একজন কৃষকের নিকট হতে সর্বোচ্চ ০৩(তিন) মেটন ধান ক্রয় করা যাবে ।

০৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক স্বচ্ছতার স্বার্থে ডব্লিউকিউএসসি যাচাই করতঃ প্রতি কেজি ধানের মূল্য ৩৬/- টাকা হিসেবে সরাসরি উৎপাদক কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধের নিমিত্ত ডব্লিউকিউএসসি ব্যাংকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। কোন কৃষক ধান বিক্রি করতে এসে যেন হয়রানির শিকার না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। তালিকাভূক্ত কৃষকেরা গুদামে ধান সরবরাহ করতে অনিচ্ছুক বা ব্যর্থ হলে পুনরায় নিবন্ধব ও আবেদনকৃত কৃষক হতে আবার তালিকা প্রস্তুত করে তাদের নিকট হতে ধান সংগ্রহ করতে হবে।

০৬। সংগ্রহ নীতিমালা-২০১৭ ও পরবর্তীতে সময়ে সময়ে জারিকৃত পরিপত্র মোতাবেক যশোর সদর উপজেলায় লক্ষ্যমাত্রা মোতাবেক প্রকৃত কৃষকদের নিকট ধান হতে সংগ্রহ করতে হবে। কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত ধান/চাল ক্রয় করা যাবে না। খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক চাল প্রস্তুতকরণ প্রক্রিয়া পরিদর্শন করে নমুনাসহ প্রত্যয়ন প্রদান করবেন।

০৭। চুক্তিযোগ্য মিলারদের মিলের পাক্ষিক ছাটাই ক্ষমতার আনুপাতিক হারে প্রাপ্ত বরাদ্দের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোরের সাথে নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি করবেন ।

০৮।। সদস্য -সচিব এ উপজেলায় বরাদ্দকৃত ধান, চাল ওগম সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সংগ্রহের ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহরিয়ার হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
যশোর সদর, যশোর।

স্মারক নং--১৩.০৫.৪১৪৫.০০৪.৫৭.০২৪.২৫.২৬৮/১(১০) তারিখঃ ০৩/০৫/২০২৬খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০১। ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, যশোর -০৩ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর,যশোর।
০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা
০৩। জেলা প্রশসাক, যশোর।
০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর।
০৬। উপজেলা কৃষি অফিসার, যশোর সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর,
০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, যশোর সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর,
০৮। উপজেলা সমাজসেবা অফিসার, যশোর সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর,
০৯। সভাপতি, উপজেলা চাল কল মালিক সমিতি ও সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, যশোর সদর
১০। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত(কৃষক প্রতিনিধি) ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা যশোর সদর/রুপদিয়া এলএসডি, যশোর সদর,যশোর।
১২। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর সদর, যশোর।
১৩। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
যশোর সদর, যশোর।